# ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক পিএলসি

## কাওরানবাজার শাখা

বন্ধকী সম্পত্তি নিলাম বিক্রয়ের দরপত্র বিজ্ঞপ্তি (অর্থঋণ আদালত আইন ২০০৩ এর ১২ ধারা মোতাবেক)।

এতদ্বারা সর্বসাধারনের অবগতির জন্য জানানো যাইতেছে যে, ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক পিএলসি, কাওরানবাজার শাখা, ১০৫, কাজী নজরুল ইসলাম এভিনিউ, কাওরানবাজার ঢাকা-১২১৫ এর ঋণগ্রহীতা **বাংলা ইউকে এগ্রো প্রোডাক্টস লিমিটেড , ঠিকানাঃ ফ্ল্যাটঃ এ-১২, এডব্লিউআর-এনআইবি টাওয়ার, বাড়ী-৯৯, রোড-১১, ব্লক-সি, বনানী বা/এ, ঢাকা, ফ্যাক্টরিঃ মোহনা ভাবানিপুর, বিনিয়ারচালা, গাজীপুর** এর কর্তৃক গৃহীত ঋণের জামানত হিসাবে নিম্ন তফসিলভুক্ত সম্পত্তি রেজিস্ট্রিকৃত বন্ধকী দলিলমূলে ব্যাংকের নিকট বন্ধক রাখা আছে এবং রেজিস্ট্রিকৃত আমমোক্তার দলিলমূলে নিম্ন তফসিলভুক্ত সম্পত্তি আদালতের আদেশ ছাড়াই বিক্রয়ের ক্ষমতা ব্যাংককে প্রদান করা আছে। ঋণগ্রহীতা মঞ্জুরীপত্রের শর্ত মোতাবেক ঋণ পরিশোধ না করায় বিগত ২৬/১১/২০২৪ ইং তারিখ পর্যন্ত খেলাপী ঋণ বাবদ ব্যাংকের পাওনা মোট টাকা ৩৮০,৩১,৪৪,৮৯২.২৫ (টাকা তিনশত আশি কোটি একত্রিশ লাখ চুয়াল্লিশ হাজার আটশত বিরানব্বই টাকা পচিঁশ পয়সা) সহ অন্যান্য আনুসঙ্গিক খরচ ও আদায়কালতক সুদ আদায়ের নিমিত্তে নিম্ন তফসিলভুক্ত সম্পত্তি নিলামে বিক্রয়ের জন্য আগ্রহী ক্রেতাদের নিকট হইতে নিম্ন বর্ণিত শর্তাদিতে সাদা কাগজে/প্যাডে স্থায়ী ঠিকানাসহ পূর্নাঙ্গ ঠিকানা উল্লেখ পূর্বক সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাইতেছে। এতদসংক্রান্ত বিস্তারিত তথ্য **www.ucb.com.bd** ওয়েবসাইটে পাওয়া যাইবে।

## বন্ধকী সম্পত্তির তফসিল

All that piece and parcel of the land measuring more or less (5.25+17.50+9.00+40.25+70.00+55.00) Decimal in Total = **197.00 (One Hundred Ninety Seven) Decimal** along with all structures have already been constructed or to be constructed thereon, situated within District - Gazipur, Police Station & Sub-Registry Office- Sadar, having J.L Nos. C.S – 03, S.A-03, R.S -03 & Mouza - "**Mohona Vobanipur"**, pertaining to the Khatians & Dags are given in the table below:

<table>
<tr><th rowspan="2">Deed No. & Dated</th><th colspan="3">Khatian Nos.</th><th colspan="2">Dag Nos.</th><th rowspan="2">Mutation & Jot</th><th rowspan="2">Area of Land (In Decimal)</th></tr>
<tr><th>C.S</th><th>S.A</th><th>R.S</th><th>C.S & S.A</th><th>R.S</th></tr>
<tr><td rowspan="5">Deed of Sale No. 1900 dated 10.02.2021 11.02.2021</td><td>____</td><td>408</td><td>391</td><td>564</td><td>2780</td><td rowspan="6">401/286, 408/391 & 404 (Shilpo)</td><td>5.25</td></tr>
<tr><td>06</td><td>401</td><td>286</td><td>561</td><td>2794</td><td>17.50</td></tr>
<tr><td>06</td><td>401</td><td>286</td><td>563</td><td>2791</td><td>9.00</td></tr>
<tr><td>06</td><td>401</td><td>286</td><td>563</td><td>2791</td><td>40.25</td></tr>
<tr><td>06</td><td>401</td><td>286</td><td>561 & 562</td><td>2794</td><td>70.00</td></tr>
<tr><td>Deed of Sale No. 1899 dated 10.02.2021</td><td>06</td><td>401</td><td>286</td><td>563</td><td>2791</td><td>55.00</td></tr>
<tr><td colspan="7">Total land measuring</td><td>197.00</td></tr>
</table>

Butted and bounded by (for the land measuring 142 decimals): On the North: Road of Union Parishad

On the South: Chunguya Aluminium, On the East: Chunguya Aluminium, On the West: Samiul Ahsan, Badal & Others.

Butted and bounded by (for the land measuring 55 decimals): On the North: Road, On the South: Phoenix Poultry, On the East: Phoenix Poultry, On the West: Badal, Solaiman & Others.

**নিলামের শর্তাবলী**

(১) আগামী ০৮.০১.২০২৫ ইং বিকাল ৩.৩০ ঘটিকার মধ্যে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক পিএলসি, কাওরানবাজার শাখা, ঢাকা এ রক্ষিত বাক্সে সরাসরি অথবা রেজিস্ট্রিকৃত ডাকযোগে দরপত্র জমা দিতে হইবে এবং ঐ দিনই ৪.০০ টার সময় দরপত্র দাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হইবে ।

(২) প্রত্যেক দরপত্রদাতাকে উদ্ধৃত দর অনুর্ধ ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা হইলে উহার ২০%, উদ্ধৃত দর ১০,০০,০০০/-(দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনুর্ধ ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা হইলে উহার ১৫%, এবং উদ্ধৃত দর ৫০,০০,০০০/-(পঞ্চাশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক হইলে উহার ১০% এর সমপরিমাণ টাকার ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার জামানত স্বরূপ ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক পিএলসি, কাওরানবাজার শাখা, ঢাকা এর অনুকুলে দরপত্রের সহিত দাখিল করিতে হইবে।

(৩) অনুর্ধ ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৩০ (ত্রিশ) দিবসের মধ্যে, ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনুর্ধ ৫০,০০,০০০/-(পঞ্চাশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৬০ (ষাট) দিবসের মধ্যে, এবং ৫০,০০,০০০/-(পঞ্চাশ লক্ষ) টাকার অধিক উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৯০ (নব্বই) দিবসের মধ্যে দরদাতাকে সমুদয় মূল্য পরিশোধ করিতে হইবে তাহা করিতে ব্যর্থ হইলে জামানতের টাকা বাজেয়াপ্ত হইবে। প্রথম সর্বোচ্চ দরপত্রদাতার জামানত বাজেয়াপ্ত হইলে ব্যাংক কর্তৃপক্ষ দ্বিতীয় সর্বোচ্চ দরপত্রদাতাকে সম্পত্তি ক্রয়ে আহব্বান করিতে পারিবেন।

(৪) দাখিলকৃত দরপত্রে সম্পত্তির প্রস্তাবকৃত মুল্য অস্বাভাবিকভাবে অপর্যাপ্ত বা কম প্রতীয়মান হইলে নিম্নস্বাক্ষরকারী উক্ত দর প্রস্তাব অগ্রাহ্য করিতে পারিবেন।

(৫) ব্যাংক কর্তৃপক্ষ সফল দরদাতার অনুকুলে নিলামকৃত সম্পত্তি রেজিষ্ট্রি দলিলমুলে হস্তান্তর করিবেন। তবে দলিল রেজিষ্ট্রি সংক্রান্ত যাবতীয় খরচ যেমন– রেজিষ্ট্রেশন ফি, ষ্ট্যাম্প ডিউটি, বিবিধ ব্যয়সহ অন্যান্য প্রযোজ্য শুল্ক প্রভৃতি এবং উহার উপর কোন সরকারী, আধা-সরকারী, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের যথা- রাজউক, সিটি কর্পোরেশন, ওয়াসা, ডেসা/ডেসকো, গ্যাস সরবরাহকারী প্রতিষ্ঠান, ভূমিকর ইত্যাদী সহ যে কোন পাওনাদারের পাওনা বা দাবী থাকিলে তাহা দরদাতাকেই বহন করিতে হইবে ।

(৬) দরপত্র জমা দেওয়ার পর বিক্রয় প্রস্তাবিত সম্পত্তির আকার, প্রকার, অবস্থান, স্বত্ত্ব/স্বত্ত্বের দলিল ইত্যাদী সম্পর্কে কোন প্রকার আপত্তি গ্রহনযোগ্য হইবে না।

(৭) দরপত্রের মাধ্যমে নিলামে অংশগ্রহনে ইচ্ছুক ব্যক্তিগণকে বিস্তারিত তথ্য অবগত হইবার জন্য নিম্নস্বাক্ষরকারীর অফিসে যোগাযোগ করিতে পারিবেন।

(৮) ব্যাংক কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন দরপত্র বা সকল দরপত্র গ্রহণ বা বাতিল করিবার ক্ষমতা সংরক্ষন করিবেন।

ব্যবস্থাপক, ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক পিএলসি, কাওরানবাজার শাখা, ঢাকা।